

সূত্র

প্রিন্ট: ২১ জুন ২০২৫, ১০:৫৯ এএম

সারাদেশ

হাবিপ্রবির ৬টি আবাসিক হল ও একটি ভবনের নাম পরিবর্তন



দিনাজপুর প্রতিনিধি

প্রকাশ: ১৯ জুন ২০২৫, ০৯:২০ পিএম



দিনাজপুরের হাজী মোহাম্মদ দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (হাবিপ্রবি) ৬টি আবাসিক হল এবং একটি ভবনের নাম পরিবর্তন করেছে কর্তৃপক্ষ।

বিষয়টি নিশ্চিত করেছেন হাবিপ্রবির রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্ব) প্রফেসর ড. এম জাহাঙ্গীর কবির।

হাবিপ্রবির বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হলের নাম পরিবর্তন করে রাখা হয়েছে- বিজয় ২৪ হল, তাজউদ্দীন আহমেদ হলের নাম পরিবর্তন করে রাখা হয়েছে- শহীদ আবরার ফাহাদ হল, শেখ রাসেল হলের নাম পরিবর্তন করে রাখা হয়েছে- শহীদ নুর হোসেন হল, শেখ ফজিলাতুন্নেছা হলের নাম পরিবর্তন করে রাখা হয়েছে-বেগম রোকেয়া হল, আইভি রহমান হলের নাম পরিবর্তন করে রাখা হয়েছে- নবাব ফয়জুন্নেছা হল, শেখ সায়েরা খাতুন হলের নাম পরিবর্তন করে রাখা হয়েছে- বেগম খালেদা জিয়া হল (প্রস্তাবিত) এবং ড. এম ওয়াজেদ মিয়া ভবনের নাম পরিবর্তন করে রাখা হয়েছে- জাতীয় কবি কাজী নজরুল ইসলাম ভবন।

তবে বেগম খালেদা জিয়া হলের নামকরণ প্রস্তাবনাটি তার পরিবারের সদস্যদের সম্মতিসাপেক্ষে চূড়ান্ত করা হবে বলে সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

হাবিপ্রবির রেজিস্ট্রার প্রফেসর ড. এম জাহাঙ্গীর কবির স্বাক্ষরিত এ সংক্রান্ত এক অফিস আদেশে উল্লেখ করা হয়েছে, এ বিশ্ববিদ্যালয়ের বৈষম্যবিরোধী আন্দোলনে সম্পৃক্ত সাধারণ শিক্ষার্থীদের দাবির পরিপ্রেক্ষিতে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন হল ও ভবনসমূহের নাম পরিবর্তন সংক্রান্ত বিষয়ে বিশ্ববিদ্যালয়ের প্রশাসন কর্তৃক গঠিত কমিটি গুগল ফরম তৈরি করে সবার মাঝে তা প্রচারসহ বিভিন্ন সংগঠনের সঙ্গে মতবিনিময় এবং গুগল ফরম পর্যালোচনাপূর্বক সদস্যদের ঐক্যমত্যের ভিত্তিতে বিশ্ববিদ্যালয়ের আবাসিক হল ও ভবনসমূহের বিদ্যমান নামের বিপরীতে নতুন নামকরণ করে অনুমোদনের জন্য সুপারিশ প্রদান করেন।

ওই কমিটির সুপারিশ গত ২৫ মে অনুষ্ঠিত ৫৯তম রিজেন্ট বোর্ডের সভায় উত্থাপন করা হয়। কমিটির সুপারিশসমূহে আংশিক সংশোধনসাপেক্ষে বোর্ডস অব রিজেন্টস তা অনুমোদন করে।